

কলান্বাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(তৃতীয় বর্ষ, যষ্ঠি সিমেস্টার)

সাম্মানিক বাংলা

বিশ শতকের বাংলা উপন্যাস

কোর্স : পি.জি. - ৬.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান।

১. “....‘বন্ধু’ প্রভু হইয়া দাঁড়ান এবং সাধের বন্ধুত্বপাশ দাসত্বের বেড়ি হইয়া ‘ছোট’-র পায়ে বাজে, এই দিব্যজ্ঞানটি এত সহজে এমন সত্য করিয়াই শিখিয়াছিলাম বলিয়া লাঞ্ছনার হাত হইতে চিরদিনের মত নিষ্কৃতি পাইয়া বাঁচিয়াছি।” – ইল্লনাথের সঙ্গে ‘বন্ধুত্ব’ সূত্রে শ্রীকান্তের এই মূল্যায়ন তোমার কাছে কি গ্রহণযোগ্য বলে মনে হয়েছে? নিজের মতামত লেখো।

১০

অথবা

২. ‘....রাজলক্ষ্মীর জন্যই রাজলক্ষ্মীকে ছাড়িয়া যাইতে হইবে....’ – রাজলক্ষ্মী বিষয়ে শ্রীকান্তের এই মূল্যায়নকে তুমি কীভাবে পড়লে লেখো।

১০

৩. অপুর বই পড়া কীভাবে অপুকে নির্মাণ করে তোলে, বিশ্লেষণ করে দেখো।

১০

অথবা

(Turn over)

(2)

৪. অপূর্বশেশ আর দুর্গার শৈশবের নির্মাণ ভিন্নধর্মী। একথা কি তুমি মানবে ?  
তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

১০

৫. ‘পুতুলনাচের ইতিকথা’র শুরুতে বজ্রপাতের প্রসঙ্গটি উপন্যাসের  
গল্পকথনকে নানাভাবে প্রভাবিত করেছে। বিশ্লেষণ করে দেখাও। ১০  
অথবা

৬. পাগলদাদা-পাগলাদিদির মৃত্যু রহস্যটি আকস্মিক নয়, কিংবদন্তী হয়ে ওঠার  
রসন্দ এর মধ্যে যেভাবে আছে সেটি বিশদ করো। ১০

৭. ‘গণদেবতা’ উপন্যাসে ‘চন্দ্রীমন্ডপ’ শুধু যে গ্রামীণ সংস্কৃতির ধারক হিসেবে  
ধরা পড়েছে তা নয়, ‘চন্দ্রীমন্ডপ’-এর স্বতন্ত্র একটি অবস্থান এই উপন্যাসে  
আছে। তুমি কি একথা মানবে ? বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

৮. ‘গণদেবতা’ উপন্যাসের দেবু চরিত্র তৈরিতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের  
আত্মজীবনের কিছু কিছু প্রসঙ্গ মিলে গেলেও এটি আত্মজীবনিক উপন্যাস  
নয় – মন্তব্যের সপক্ষে ও বিপক্ষে যুক্তি সাজাও। ১০

— X —